**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের সরব প্রচার সম্পন্ন । ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে আগামীকাল নিজ নিজ ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হবেন ।**

**(২) বাংলাদেশে উদ্‌ভুত পরিস্থিতির মধ্যে ভারত তার কুটনৈতিক মিশনের মাধ্যমে সে দেশে অবস্থানরত ভারতীয়দের সুরক্ষা সুনিশ্চিত করতে অবিরাম যোগাযোগ রেখে চলেছে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড: এস জয়শঙ্কর ।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন বাংলাদেশের উদ্‌ভুত পরিস্থিতে ত্রিপুরা বাংলাদেশ সীমান্তে নজরদারি বাড়ানো হয়েছে ।**

**(৪) প্রধানমন্ত্রী কিষান সম্মাননিধি প্রকল্পের অধীনে ১১ কোটিরও বেশি সুবিধাভোগী কৃষককে এখনো পর্যন্ত ৩.২৪ লক্ষ কোটি টাকা বিতরণ করা হয়েছে ।**

**(৫) দিল্লিতে অনুষ্ঠিত বালিকাদের সুব্রত মুখার্জি কাপ ফুটবলে ত্রিপুরা স্পোর্টস স্কুল ১৪–০ গোলে বিহারকে পরাজিত করেছে ।**

******************************************

**Panchayat Election :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের সরব প্রচার আজ বিকেল চারটায় শেষ হয়েছে। আগামী ৮ই আগস্ট বৃহস্পতিবার সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। ত্রিস্তর পঞ্চায়েতে মোট ৬ হাজার ৯০৯টি আসনের মধ্যে ভোট হবে ২ হাজার ১০৩টি আসনে। বাকি ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে আগামীকাল কড়া নিরাপত্তায় নিজ নিজ ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হবেন।

*****************************

**Election Force :**

নির্বাচনের কাজে নিযুক্ত নিরাপত্তা বাহিনীকে আজ আট জেলায় পাঠানো হয়েছে। নিরাপত্তা কর্মীরা প্রত্যেক জেলার পুলিশ সুপারদের কাছে রিপোর্ট করবেন। প্রত্যেক ভোট কেন্দ্রে তিন জন করে নিরাপত্তা কর্মীকে মোতায়ন করা হবে বলে পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে।

****************************

**Polling Materials Checking :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে ঊনকোটি জেলাতেও ভোটকর্মীদের ভোটসামগ্রী নিরীক্ষণ পর্ব আজ অনুষ্ঠিত হয়। জেলার গৌরনগর ব্লকের ভোটকর্মীদের নিরীক্ষণ পর্ব অনুষ্ঠিত হয়, স্থানীয় কাউলীকুড়াস্থিত বি,এম স্মৃতি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে। আগামীকাল ভোটগ্রহণের লক্ষ্যে ভোটকর্মীর দলগুলি নিজ নিজ পোলিং বুথের উদ্দেশ্যে যাত্রা করবেন। রিটার্নিং অফিসার তথা গৌরনগর ব্লকের B.D.O প্রণয় দাস জানান,

অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোটপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

*****************************

**Panchayet Election :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে উত্তর জেলায় মোট ৩৪৭টি ভোট কেন্দ্র রয়েছে। তার মধ্যে ৮টি কেন্দ্র অতি স্পর্শকাতর, ৯০টি স্পর্শকাতর এবং ২৪৯টি সাধারণ। জেলায় মোট চার কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এবং দেড় হাজার টিএসআর জওয়ান মোতায়েন করা হয়েছে। তাছাড়া জেলার পুলিশ কর্মীরাও ভোটের কাজে নিয়োজিত থাকবেন।

**************************

**Training of Counting Personel :**

পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে আজ চন্ডিপুর ব্লক কার্যালয়ে গননাকর্মীদের প্রশিক্ষণ তথা মহড়া পর্ব অনুষ্ঠিত হয়। মোট ষাট জন গননাকর্মী আজকের প্রশিক্ষণে অংশ নেন। রিটার্নিং অফিসার তথা চন্ডীপুর ব্লকের B.D.O প্রসেনজিৎ মালাকার জানান, প্রশিক্ষণ কর্মসূচিতে গননাকর্মীদের গননার বিষয়ে ও রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা সম্পর্কে অবহিত করা হয়।

****************************

**Foreign Minister :**

বাংলাদেশের উদ্‌ভুত পরিস্থিতির মধ্যে ভারত তার কুটনৈতিক মিশনের মাধ্যমে সে দেশে অবস্থানরত ভারতীয়দের সুরক্ষা

সুনিশ্চিত করতে অবিরাম যোগাযোগ রেখে চলেছে। আজ সংসদে পররাষ্ট্রমন্ত্রী ড: এস জয়শঙ্কর একথা জানিয়েছেন।

এদিকে, আজ নয়াদিল্লিতে বাংলাদেশের পরিস্থিতি নিয়ে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে সংসদ ভবনে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর বাংলাদেশের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। এই বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু-সহ সরকার পক্ষের একাধিক প্রতিনিধি। উপস্থিত ছিলেন লোকসভার বিরোধী দলনেতা তথা কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী, তৃণমূল সাংসদ সুদীপ ব্যানার্জি-সহ বিরোধী দলের সাংসদরা।

*********************************

**CM-Electricity :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে মাটির নীচে দিয়ে ক্যাবল লাইন সম্প্রসারনের পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে রাজধানী আগরতলায় এই উদ্যোগ বাস্তবায়িত হবে। আজ আগরতলার ৭৯ টিলাস্থিত বিদ্যুৎ দপ্তরের স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার পরিদর্শনের সময় তিনি একথা বলেন। তিনি সেখানে রাজ্যে বিদ্যুৎ সরবরাহের সামগ্রিক যোগান ও সরবরাহ ব্যবস্থাপনা সম্পর্কে বিশদভাবে অবহিত হন এবং তা সরেজমিনে খতিয়ে দেখেন।

স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী বলেন, স্টেট লোড ডেসপ্যাচ সেন্টারটি প্রতিনিয়ত রাজ্যের বিদ্যুৎ উৎপাদন, পরিবহন ও বিতরণকারী সংস্থার উপর নজরদারির মাধ্যমে বিদ্যুৎ গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করছে। সাইবার

সুরক্ষার নিয়মাবলীগুলি পূরণ করায় কেন্দ্রীয় সরকার রাজ্যের স্টেট লোড ডেসপ্যাচ সেন্টারকে আইএসও সার্টিফিকেট প্রদান করেছে, যা রাজ্যের জন্য উল্লেখযোগ্য বিষয়। তিনি বলেন, ত্রিপুরা উত্তর-পূর্বাঞ্চলের একমাত্র রাজ্য যেখানে প্রতিবেশী দেশ বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ করা হয়। রাজ্যের বিদ্যুৎ গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করতে সরকার নিরন্তর প্রয়াস অব্যাহত রেখেছে।

মুখ্যমন্ত্রীর স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার পরিদর্শনের সময় বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেন, রাজ্যে গুণগত, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুনিশ্চিত করার জন্য রাজ্যের বিদ্যুৎ উৎপাদন, পরিবহন ও বিতরণকারী সংস্থার মধ্যে সমন্বয়কারী সংস্থা হিসাবে স্টেট লোড ডেসপ্যাচ সেন্টারটি কাজ করছে।

**************************

**Meeting at AMC :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, পুর নিগম এলাকায় আগামী ১৩ থেকে ১৫ আগস্ট "হর ঘর তিরঙ্গা" কর্মসূচি পালন করা হবে। এই কর্মসূচি সফল করার জন্য মেয়র শ্রী মজুমদার আজ পুর নিগম কার্যালয়ে কর্পোরেটরদের নিয়ে বৈঠক করেন। তিনি জানান, স্বাধীনতা দিবস উপলক্ষ্যে পুর নিগমের প্রত্যেকটি ওয়ার্ডে নানা অনুষ্ঠানের আয়োজন করা হবে।

******************************

**Awareness programme-Belonia :**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে ১০ দিন ব্যাপী কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে। আজ প্রথম দিনে আজাদী বাল বিবাহ সে - এই শ্লোগানকে সামনে

রেখে শিশুদের বাল্যবিবাহের বিরুদ্ধে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে অনুষ্ঠিত এই কর্মসূচিতে বক্তব্য রাখেন অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস, অধ্যাপিকা ড. প্রস্মিতা সরকার, কলেজ শিক্ষক সংসদের সম্পাদক অধ্যাপক বিমলা কিশোর আচার্য প্রমুখ।

****************************

**CM-Border :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন বাংলাদেশের উদ্ভুত পরিস্থিতে ত্রিপুরা বাংলাদেশ সীমান্তে নজরদারি বাড়ানো হয়েছে। রাজ্যে কোনভাবে যাতে অনুপ্রবেশ না ঘটে সেদিকে দৃষ্টি রাখা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে এব্যাপারে যোগাযোগ রাখা হচ্ছে বলে তিনি জানান। মুখ্যমন্ত্রী আরো জানান, সবার সাথে সমন্বয় রক্ষা করে কাজ করার জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে, এব্যাপারে আসাম রাইফেলস, বি.এস.এফ, সি.আর.পি.এফ ও রাজ্য পুলিশের মহানির্দেশকের সঙ্গে আলোচনা হয়েছে।

-----বাইট(সি এম)

*********************************

**ICP Agartala :**

বাংলাদেশের উদ্ভূত পরিস্থিতিতে আগরতলা আই সি পি দিয়ে আমদানি রপ্তানি বাণিজ্য ব্যাহত হচ্ছে। আইসিপির ভারপ্রাপ্ত আধিকারিক দেবাশীষ নন্দী জানিয়েছেন, পণ্যবাহী তিনটি লরি আজ বাংলাদেশ থেকে আগরতলা এসে পৌঁছেছে। তবে আগরতলা

আই সি পি থেকে কোন পণ্যবাহী লরি আজ বাংলাদেশ যায়নি। তবে আগরতলা আইসিপি দিয়ে যাত্রী চলাচল মোটামুটি স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। বাংলাদেশ থেকে ভারতীয় নাগরিকরা আসছেন এবং ভারতে সফররত বাংলাদেশী নাগরিককরা ও যথারীতি দেশে ফিরে যাচ্ছেন। শ্রীমন্তপুর সীমান্ত দিয়ে আজ সকালে ৬টি পণ্যবাহী লরি বাংলাদেশে পণ্য সামগ্রী সরবরাহ করে দুপুরের মধ্যে রাজ্যে ফিরে আসে।

*************************

**PM-Kishan :**

প্রধানমন্ত্রী কিষান সম্মাননিধি প্রকল্পের অধীনে ১১ কোটিরও বেশি সুবিধাভোগী কৃষককে এখনো পর্যন্ত ৩.২৪ লক্ষ কোটি টাকা বিতরণ করা হয়েছে। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর আজ লোকসভায় এক লিখিত উত্তরে জানান, এ পর্যন্ত ১৭টি কিস্তি সরাসরি সুবিধা হস্তান্তরের মাধ্যমে সুবিধাভোগীদের দিয়ে দেওয়া হয়েছে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী কিষান প্রকল্পের অধীনে সুবিধাভোগীদের প্রতিবছর ৬০০০ টাকার আর্থিক সুবিধা দেওয়া হয়।

*************************

**President :**

ফিজিতে সফররত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে ফিজির রাষ্ট্রপতি উইলিয়াম কাটোনিভার ফিজির সর্বোচ্চ সম্মান 'কম্পেনিয়ন অব দ্য অর্ডার অফ ফিজি'তে ভূষিত করেছেন। ফিজিয়ান পার্লামেন্টে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি মুর্মু দুদেশের মধ্যে ৭৫ বছরের কূটনৈতিক সহযোগিতার কথা স্মরণ করেন।

*******************************

**BJP Press Meet :**

বিজেপির নব নিযুক্ত রাজ্য প্রভারী রাজদ্বীপ রায় আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, জল জীবন মিশন সহ আরো অনেক উন্নয়নমূলক কর্মসূচির মাধ্যমে ত্রিপুরায় জনগনের জীবনযাত্রার ব্যাপক উন্নতি হয়েছে। রাজ্যে বিজেপি সংগঠনকে আগামী দিনে আরো শক্তিশালী করার বিষয়ে পরিকল্পনা নিয়ে সাংবাদিক সম্মেলনে তিনি বিস্তারিত বক্তব্য রাখেন।

***************************

**Handloom & Handicraft-Award :**

হস্ততাঁত ও হস্তকারু শিল্পে অসামান্য কৃতিত্বের জন্য ২০২৩ সালের জাতীয় হস্ততাঁত সম্মানে ভূষিত হয়েছেন কমলপুর মহকুমার বিশিষ্ট তাঁত শিল্পী নির্মলা সিনহা। আগামী ৮ই আগস্ট দিল্লির বিজ্ঞান ভবনে এক অনুষ্ঠানে তার হাতে এই পুরস্কার তুলে দেওয়া হবে।

৪০ শতাংশ দিব্যাঙ্গ নির্মলা সিনহা তার অদম্য ইচ্ছে শক্তির জোরে নিজেকে তাঁত শিল্পী হিসেবে প্রতিষ্ঠিত করেন। ছোটবেলায় মা জয়ন্তী সিনহার হাত ধরেই তিনি তাঁতের কাজ শিখতে শুরু করেন। চিরাচরিত তাঁত বুনতে খুব পছন্দ করেন তিনি। গামছা, পাছড়া, বিছানার চাদর, ইনাফি বা ওড়না ইত্যাদি তৈরিতে তিনি বিশেষ পারদর্শিতা দেখান।

**************************

**TBSE EXAM :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সচিব দুলাল দে জানিয়েছেন পর্ষদ পরিচালিত এ বছরের বছর বাঁচাও পরীক্ষা আজ শেষ হয়েছে। বছর বাঁচাও পরীক্ষায় মাধ্যমিক পরীক্ষার্থী সংখ্যা ছিল ২৭৬২ জন। উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছে ৩৮১৫ জন। রাজ্যে মোট ২৭টি সেন্টারে পরীক্ষা হয়েছে। চলতি মাসেই বছর বাঁচাও পরীক্ষার ফল প্রকাশিত হবে বলে পর্ষদ সচিব জানিয়েছেন।

***************************

**Dipak majumder-IT Lab :**

পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ আগরতলায় বিজয় কুমার উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আই.টি. ল্যাবের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ডঃ প্রল্লব ঘোষাল, কর্পোরেটর শিখা ব্যানার্জী, ভাশ্বতী দেববর্মা প্রমুখ।

*****************************

**Subrata Mukherjee Cup Football :**

দিল্লিতে অনুষ্ঠিত বালিকাদের সুব্রত মুখার্জি কাপ ফুটবলে ত্রিপুরা স্পোর্টস স্কুল ১৪-০ গোলে বিহারকে পরাজিত করেছে। আজ দিল্লির উইলিংটন তেজস গ্রাউন্ডে এই খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুলের হয়ে শ্রীয়া দেব একাই ৯টি গোল করেন। বিনতা সিনহা হ্যাট্রিক করেন। তাছাড়া কেয়া দেববর্মা ও শায়ারি দেববর্মা একটি করে গোল করেন। আগামীকাল উত্তরাখন্ডের বিরুদ্ধে দ্বিতীয় ম্যাচ খেলতে নামবে ত্রিপুরা স্পোর্টস স্কুল।

***************************

**Khumulung Football :**

খুমুলুঙ স্টেডিয়ামে আয়োজিত বীরবিক্রম স্মৃতি ফুটবল প্রতিযোগিতায় সেমিফাইনালে উঠেছে কিল্লা কনট্রাক্টর অ্যাসোসিয়েশন। আজ আসরের দ্বিতীয় কোয়ার্টার ফাইনাল ম্যাচে কিল্লা কনট্রাক্টর অ্যাসোসিয়েশন ৪-১ গোলে বিনাপানী দলকে পরাজিত করেছে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস।

*****************************